

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ সালামের আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মুসলিম ভাইয়ের সাথে ৩ দিনের বেশী সালাম বন্ধ রাখা বৈধ নয়

কারণবশতঃ যদি কোন মুসলিম ভায়ের সাথে আপনার সালাম-কালাম বন্ধ থাকে, তাহলে তা ৩ দিনের বেশী বৈধ নয়। যেহেতু রাসুল (ﷺ) বলেন, নিজ ভাইকে তিন দিনের বেশী (কথাবার্তা, সালাম-কালাম বন্ধ রেখে) বর্জন করা কোন মুসলিম মানুষের জন্য বৈধ নয়; সাক্ষাৎ হলে এও মুখ ফিরিয়ে নেয় এবং ওও মুখ ফিরিয়ে নেয়। আর এদের মধ্যে উত্তম হল সেই ব্যক্তি, যে প্রথমে সালাম দেয়।"[1]

ফুটনোট

[1]. বুখারী, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২৫৬০, আবূ দাউদ প্রমুখ

Source — https://www.hadithbd.com/books/link/?id=7995

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন